দর্শনা রেলবাজারে ক্রোকারিজের দোকানে তালা ভেঙে নগদ টাকা চুরি

দর্শনা রেলবাজারে একটি ক্রোকারিজের দোকানের তালা ভেঙে নগদ টাকা চুরির ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার ভোরে সংঘটিত এ ঘটনায় মাত্র দুই মিনিটের মধ্যে দোকানে প্রবেশ করে ড্রয়ার ভেঙে টাকা নিয়ে পালিয়ে যায় চোরচক্র।

দোকান মালিক মেসার্স রাবিত ক্রোকারিজের স্বত্বাধিকারী জানান, ভোর ৬টা ১০ মিনিটের দিকে চারজন ব্যক্তি দোকানের তালা ভেঙে ভেতরে প্রবেশ করে ড্রয়ারে থাকা আনুমানিক ৫ থেকে ৬ হাজার টাকার খুচরা অর্থ চুরি করে নিয়ে যায়।

তিনি আরও জানান, সকালে দোকানে এসে তালা ভাঙা দেখতে পান। পরে দোকানের ভেতরে প্রবেশ করে দেখেন, অন্যান্য সবকিছু ঠিক থাকলেও ড্রয়ারে রাখা টাকা নেই। এরপর সিসিটিভি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করে দেখা যায়, মাত্র দুই মিনিটের মধ্যে চোরচক্র তালা কেটে দোকানে প্রবেশ করে নগদ টাকা নিয়ে পালিয়ে যায়।

দোকান মালিকের দাবি, সিসিটিভির ফুটেজ দেখে ধারণা করা হচ্ছে, চোরচক্রের সদস্যরা দর্শনার বাইরের লোক।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তদন্ত করে এবং সিসিটিভির ফুটেজ সংগ্রহ করে।

এ বিষয়ে হিমেল রানা বলেন, “চোরচক্রের সদস্যরা বাইরের লোক বলে ধারণা করা হচ্ছে। বিভিন্ন স্থানে ভিডিও ফুটেজ পাঠানো হয়েছে। তাদের শনাক্ত করা গেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

ঝিনাইদহে সিদ্ধেশ্বরী মন্দিরে তালা ভেঙে চুরি

ঝিনাইদহ সদর উপজেলার নলডাঙায় সিদ্ধেশ্বরী কালী মন্দিরে চুরির ঘটনা ঘটেছে। বুধবার রাতে মন্দিরের তালা ভেঙে চুরি সংঘটিত করে এক চোর।

সিসিটিভি ফুটেজে দেখা গেছে, রাত পৌনে চারটার দিকে গামছা দিয়ে মুখ ঢাকা এক ব্যক্তি মন্দির প্রাঙ্গণে প্রবেশ করে। পরে ওই ব্যক্তি মন্দিরের তালা ভেঙে ভেতরে প্রবেশ করে কিছু জিনিসপত্র চুরি করে পালিয়ে যায়।

মন্দির কমিটির সভাপতি বঙ্কীম মুখার্জি জানান, মন্দিরের প্রতীমার কোনো ক্ষয়ক্ষতি হয়নি। তবে ইমিটেশনের কয়কটি গহনা চুরি করে নিয়ে গেছে। ধারণা করা হচ্ছে, প্রতীমার গলায় স্বর্ণের গহনা রয়েছে, এমন ধারণা থেকে চুরির ঘটনা ঘটতে পারে।

এরই মধ্যে ঝিনাইদহের পুলিশ সুপার মো. মনজুর মোরশেদ ও প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এ ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেফতারে কঠোর নির্দেশনা দেয়া হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, সিসিটিভির ফুটেজ দেখে চোর শনাক্তের চেষ্টা চলছে। তথ্য প্রযুক্তি ব্যবহার করে আশা করছি দ্রুত সময়ের মধ্যে আমরা চোরচক্রকে আটক করতে সক্ষম হব।